

অধ্যাপক নঈম ফের পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের চেয়ারম্যান

bangla.bdnews24.com/bangladesh/article1424760.bdnews

জ্যেষ্ঠ প্রতিবেদক বিডিনিউজ টোয়েন্টিফোর ডটকম

Published: 2017-11-22 15:58:19.0 BdST Updated: 2017-11-22 15:58:19.0 BdST

বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের চেয়ারম্যান এবং দুইজন সদস্যকে একই পদে তিন বছরের চুক্তিতে নিয়োগ দিয়েছে সরকার।

এই কর্তৃপক্ষের চেয়ারম্যান অধ্যাপক নঈম চৌধুরী এবং সদস্য অধ্যাপক সাহানা আফরোজ ও মো. শওকত আলীকে গত ১৮ নভেম্বর বা যোগদানের তারিখ থেকে আগের পদেই পুনরায় চুক্তিতে নিয়োগ দিয়ে বুধবার আদেশ জারি করেছে জনপ্রশাসন মন্ত্রণালয়।

নতুন করে চুক্তিতে নিয়োগ পাওয়ায় আগের চুক্তির শর্ত ঠিক রেখে নতুন চুক্তিপত্র করতে হবে বলে আদেশে বলা হয়েছে।

২০১৪ সালের ১৮ নভেম্বর তিন বছরের চুক্তিতে অধ্যাপক নঈম চৌধুরীকে বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের চেয়ারম্যান এবং অধ্যাপক সাহানা আফরোজ ও মো. শওকত আলীকে সদস্য নিয়োগ দিয়েছিল সরকার।

একটি নির্ভরযোগ্য নিয়ন্ত্রণমূলক ব্যবস্থা প্রতিষ্ঠার মাধ্যমে পরমাণু শক্তির নিরাপদ ও শান্তিপূর্ণ ব্যবহারের ক্ষেত্রে দীর্ঘমেয়াদী নিয়ন্ত্রণ, সুরক্ষা ও স্থিতিশীলতা নিশ্চিত করতে কাজ করে বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ।

জনসাধারণ এবং বিকিরণ কর্মীদের জীবন ও স্বাস্থ্য সুরক্ষা এবং পরিবেশে বিরূপ প্রতিক্রিয়া নিয়ন্ত্রণে নিরাপত্তা, বিকিরণ সুরক্ষা ও সেফগার্ডস সংশ্লিষ্ট নিউক্লিয়ার নিয়ন্ত্রণমূলক কর্মসূচির প্রতিপালন করাও এই কর্তৃপক্ষের কাজ।

একজন চেয়ারম্যান ছাড়াও চারজন সদস্য বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষে দায়িত্ব পালন করেন।

